

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.১২.২০২২. ২৯৮


তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: ফরিদ আহমেদ (১২৯২৫), সহযোগী অধ্যাপক (ব্যবস্থাপনা), সহকারি পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP), প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি বিতরণের জন্য অগ্রণী ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক ও বিকাশের সাথে সম্পাদিত চুক্তি এবং বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত ছিলেন। তিনি চুক্তি ভঙ্গের বিষয়ে নিষ্ক্রিয় থেকে বিকাশকে কাজ পাইয়ে দিতে সহযোগিতা করা এবং বিষয়টি উদ্ধর্তন কর্তৃপক্ষের নজরে না আনার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণবিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: ফরিদ আহমেদ

গ্রাম: বৈখোলা, ডাকঘর: কুচাইপট্টি, থানা: গোসাইরহাট, জেলা: শরীয়তপুর

বর্তমান কর্মস্থল:

জনাব মো: ফরিদ আহমেদ (১২৯২৫),

সহযোগী অধ্যাপক (ব্যবস্থাপনা),

সহকারি পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP), প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্ট।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মো: ফরিদ আহমেদ (১২৯২৫), সহযোগী অধ্যাপক (ব্যবস্থাপনা), সহকারি পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP), প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি বিতরণের জন্য অগ্রণী ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক ও বিকাশের সাথে সম্পাদিত চুক্তি এবং বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত ছিলেন। তিনি চুক্তি ভঙ্গের বিষয়ে নিষ্ক্রিয় থেকে বিকাশকে কাজ পাইয়ে দিতে সহযোগিতা করা এবং বিষয়টি উদ্ধর্তন কর্তৃপক্ষের নজরে না আনার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়;

জনাব মো: ফরিদ আহমেদ (১২৯২৫), সহযোগী অধ্যাপক (ব্যবস্থাপনা), সহকারি পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP), প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

সোলেমান খান
২২/৭/১৯
(সোলেমান খান)
সচিব